মিরপুরে ওমর ফারুক স্মৃতি ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

কুষ্টিয়ার মিরপুরে বীর মুক্তিযোদ্ধা ওমর ফারুক স্মৃতি ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার পোড়াদহ ইউনিয়নের হাজরাহাটি হাইস্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলা শেষে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মাঝে পুরষ্কার, ট্রফি ও মেডেল তুলে দেন অতিথিবৃন্দ।

সাংবাদিক সাইফুল ইসলামের সভাপতিত্বে ও কুষ্টিয়া জেলা তাঁতীলীগের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেনের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পোড়াদহ ইউনিয়ন পরিষদের সদস্য দেলোয়ার হোসেন দুলাল, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের সদস্য মাসুম বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা ওমর ফারুকের সন্তান হাজ্জাত হোসেন, ইয়াছিন মাহমুদা স্মৃতি পরিষদের সাধারণ সম্পাদক মওদুদ আহমেদ রাজিব, পুলিশ সদস্য আহসান কবির, রোনিতা ট্রেডার্সের চেয়ারম্যান আক্তার হোসেন, ডিপো ইনচার্জ আরিফ হোসেন, জেলা প্রতিবন্ধী ফেডারেশন’র (কম্পন) সভাপতি সোহেল রানা (মন্ত্রী), উশু ফেডারেশন কুষ্টিয়া জেলা শাখার সভাপতি এসএম জামাল, দফতর সম্পাদক আবদুল মজিদ জিয়া, বারুইপাড়া ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহবায়ক জুয়েল আহমেদ, পপুলার ফার্মসীর স্বত্বাধিকারী রাকীব রায়হান, পান ব্যাবসায়ী মহিবুল, বাবু, আকরাম হোসেন, রাশেদসহ স্থানীয়রা।

খেলায় হাজরাহাটি স্পোর্টিং ক্লাব ও চৌড়হাস পিকুল স্মৃতি স্পোর্টিং ক্লাবের মধ্যকার খেলা অনুষ্ঠিত হয়। এতে হাজরাহাটি স্পোর্টিং ক্লাব-৩ ও চৌড়হাস পিকুল স্মৃতি স্পোর্টিং ক্লাব-১ গোল দিয়ে হাজরাহাটি স্পোর্টিং ক্লাব চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে।

চ্যাম্পিয়ন দলের খাশি ছাগল, চ্যাম্পিয়ম ট্রফি, মেডেল এবং রানারআপ দলের মাঝে দুইটি রাজহাঁস, ট্রফি ও মেডেল তুলপ দেন অতিথিরা। খেলা পরিচালনা করেন বদরুল হোসেন।

চুয়াডাঙ্গায় হোটেল মালিককে জরিমানা ও ৩ দিন সাময়িক বন্ধ

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। পচা মসলা দিয়ে ও অস্বাস্থ্যকর পরিবেশে খাবার প্রস্তুত করার অপরাধে চুয়াডাঙ্গা শহরের আলোচিত নিউ আল আমিন হোটেলের মালিককে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে একই সাথে হোটেলটি ৩ দিনের জন্য বন্ধ করে দেয়া হয়। একই অভিযানে স্বাস্থ্য সুরক্ষা না মানায় চুয়াডাঙ্গা শহতলীর দৌলতদিয়াড়ে অবস্থিত মৌসুমী বেকারীকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

রোববার দুপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের অভিযানে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে।

চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, চুয়াডাঙ্গা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত নিউ আল আমিন হোটেল। তাদের বিরুদ্ধে ভোক্তাদের অভিযোগের শেষ নেই। এর আগেও একাধিকবার সেখানে অভিযান চালিয়ে জরিমানা করা হয়েছে। সেইসাথে প্রতিষ্ঠানটির মালিককে শতর্ক করা হয়েছে। বারবার শতর্ক করার পরও প্রতিষ্ঠান মালিক একইভাবে তাদের হোটেল চালিয়ে যাচ্ছিলেন।

রোববার দুপুরে ঝিনাইদহ র্যাব-৬’র একটি টিমকে সাথে নিয়ে নিউ আল আমিন হোটেলে অভিযান চালানো হয়। ওই হোটেল থেকে পচা ও দুর্গন্ধযুক্ত মসলা উদ্ধার করা হয়। যা দিয়ে খাবার প্রস্তুত করা হচ্ছিল। ওই হোটেলের রান্না ঘরের পরিবেশ নোংরা। সেখানে বসেই রাধুনিরা খাবার তৈরী করছিলো। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় প্রতিষ্ঠানের পরিচালক এনামুল হককে ৪০ হাজার টাকা জরিমানা করা হয় এবং ৩ দিনের জন্য বন্ধ করে দেয়া হয়।

তিনি আরও বলেন, ওই ৩দিন সময়ের মধ্যে নিউ আল আমিন হোটেলের পরিবেশ ঠিক করতে না পারলে স্থায়ীভাবে বন্ধ করে দেয়া হবে।

এদিকে, একই অভিযানিক টিম চুয়াডাঙ্গা শহরতলীর দৌলতদিয়াড়ে অবস্থিত মৌসুমী বেকারীতে অভিযান চালায়। সেখানে স্বাস্থ্য সুরক্ষা না

মেনে খাবার প্রস্তুত করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ধারায় প্রতিষ্ঠান মালিকে সাইদুর রহমানকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারী পরিচালক সজল আহমেদ।অভিযান পরিচালনায় সার্বিক ভাবে সহযোগিতায় ছিলেন ঝিনাইদহ র্যাব-৬ এর একটি চৌকস দল।

কোটচাঁদপুরে ইউপি সদস্য ও যুবলীগ সভাপতিকে মারপিটের ঘটনায় থানায় মামলা আটক ১

অবশেষে ইউপি সদস্য ও যুবলীগ সভাপতিকে মারপিটের ঘটনায় মামলা থানায় নথিভুক্ত হয়েছে। শনিবার কোটচাঁদপুর থানায় মামলাটি নথিভুক্ত করা হয়। ওই মামলায় ১ জনকে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

ভুক্তভোগী ইউপি সদস্য ও এলাঙ্গী ইউনিয়ন যুবলীগের সভাপতি তাজুল ইসলাম বলেন, ২৮ আগষ্ট ছিল আশাননগর কুল্লা গাছা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন। এ নির্বাচনকে কেন্দ্র করে ২৭ আগষ্ট রাতে চেয়ারম্যানের নির্দেশে ওই এলাকার ৭/৮ জন বেধড়ক মারপিট করে।

এতে করে আমি গুরুত্বর আহত হয়। এ সময় স্থানীয়রা আমাকে উদ্ধার করে স্বাস্থ্য কমপ্লেক্সে নিতে চাইলেও তারা বাধা দেন। পরে কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপারের হস্তক্ষেপে ঘটনাস্থল থেকে উদ্ধার হয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হই। ওখানে অবস্থার উন্নতি না হওয়ায় স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আমাকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করেন।

তবে ওই ঘটনায় ২৮ আগষ্ট সকালে ১০ জনকে আসামি করে কোটচাঁদপুর থানায় একটা অভিযোগ দায়ের করি। কিন্তু ওই সময় অভিযোগটি মামলা

হিসেবে নথিভুক্ত হয় না।

তবে কি কারনে নথিভূক্ত করা হয়নি,এ প্রসঙ্গে তিনি বলেন,ঘটনার পর থেকে তাদের একটি পক্ষ মিমাংসা করার চেষ্টা করে যাচ্ছিল। বিষয়টি মিমাংসা না হলে শুক্রবার রাতে ঘটনাটি নিয়ে আবারও কোটচাঁদপুর থানায় যায়। এ সময় থানা কর্মকর্তা মামলাটি নথিভুক্ত করার প্রক্রিয়া শুরু করেন।

শনিবার মামলাটি নথিভুক্ত হয়। মামলার আসামিরা হলেন, রাজিব হোসেন,আক্তার হোসেন,সাজ্জাদ হোসেন,শিবলু জামান,স্বপন আলী, রবিউল ইসলাম, শরীফ হোসেন, আনিসুর রহমান ফুটান,রাহুল হোসেন,আমিরুল সর্দার,। এদের মধ্যে স্বপনকে আটক করে পুলিশ আদালতে পাঠিয়েছেন। তাজুল ইসলাম কোটচাঁদপুর উপজেলার আশাননগর গ্রামের মৃত হবিবুর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ও মামলার তদন্তকারি কর্মকর্তা হারুন অর রশিদ বলেন,ইউপি সদস্যকে মারপিটের ঘটনায় থানায় এজাহার নামীয় ৮ আসামী করা হয়েছে। মামলা নাম্বার ৫,তারিখ -০৩-০৯-
২২। ওই মামলায় ১ জন আটক করে আদালতে সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে শ্রীশ্রী লোকনাথ বাবার আবির্ভাব দিবস পালন

ত্রিকালদর্শী শ্রী শ্রী লোকনাথ বাবা ব্রহ্মচারী জন্ম অষ্টমী তিথিতে ১৭৩০ সালের জন্মাষ্টমীর দিনই পৃথিবীর বুকে আবির্ভাব হয়। আজ শ্রী শ্রী লোকনাথ বাবার ২৯২ তম আবির্ভাব দিবস উপলক্ষে, ঝিনাইদহ পুরাতন হাটখোলা শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী মন্দিরে পূজার আয়োজন করা হয়।

স্থানীয়রা বিপদের সময় একমাত্র ভরসা হিসাবে তাঁকে মানেন। কথিত আছে জীবদ্দশায় তিনি অনেক রোগ ভালো করে দিতে পারতেন। তিনি জাতিস্মর অন্যের মনের ভাব অবলীলায় জানতে পারতেন তিনি এমনই বিশ্বাস তাঁর ভক্তদের।

শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী এই পূজায় রাখা হয় মিছিরি ও অমৃতি। এছাড়াও থাকে ফূল, ধূপ, চন্দন সহ পূজার অন্যান্য উপকরণ।কথিত আছে বাবা লোকনাথ মহাদেবের এক অবতার। এই সমাজের বহু মানুষ তাদের জীবনের চলার পথে লোকনাথ বাবাকেই আদর্শ করে নিয়েছেন। বাবা লোকনাথের অগনিত ভক্তরা আজও বয়ে নিয়ে চলেছে তার বাণী।

শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী মন্দিরে সভাপতি রনি সাহা ও সাধারণ সম্পাদক দেবব্রত দত্ত দেবু আমাদের কে জানান আমরা
এভাবেই ভক্তি ও শ্রদ্ধার সাথে প্রতিবছর পালিত হয় শ্রীশ্রী লোকনাথ বাবার আবির্ভাব দিবস। বিভিন্ন জায়গা থেকে হাজার হাজার ভক্তরা আসেন সেখানে।পূজা শেষে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয় ।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৪, দুটি মামলা রেকর্ড

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছেন।
আসামিদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে পুরনো মামলায় ৩ আসামি ও মুজিবনগর থানা পুলিশশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামী গ্রেফতার করেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে শনিবার সকাল থেকে আজ রবিবার (৪ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
এসময় মেহেরপুর সদর থানায় একটি ও গাংনী থানায় নারী নির্যাততন দমন আইনে একটি মামলা রুজ্জু হয়েছে।
মেহেরপুর পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃত আসামিদের আজ রবিবা (৪ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে বিষপানে যুবকের মৃত্যু, গৃহবধুর আত্মহত্যার চেষ্টা

বাবার সাথে ঝগড়ার জের ধরে বিষপান করার ৬ দিন পর মারা গেছেন নুর নবী(২২) নামের এক যুবক।
গত আগষ্ট মাসের ২৯ তারিখে বাবার সাথে ঝগড়ার জের ধরে নুন নবী বিষ পান করেন। দীর্ঘ ৬ দিন চিকিৎসার পর শনিবার
(৩ সেপ্টেম্বর) রাত আনুমানিক ৮ টার দিকে কৃুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় গাংনী বাজারের উপর মারা যায় সে।
নুর নবী গাংনী উপজেলার কসবা মাঝেরপাড়া এলাকার মর্তেজ মিস্ত্রির ছেলে। সে নিজেও পেশায় রাজমিস্ত্রি ছিলেন।
জানা গেছে, বাবার সাথে ঝগড়ার জের ধরে সে বিষপান করেছিলো। ৬ দিন গাংনী উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার পর আজকে তার শারীরিক অবস্থার অবনতি ঘটে। ফলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।
শনিবার বিকালের দিকে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় গাংনী বাজারের উপর মারা যায় সে।
এদিকে পারিবরিক কলহের জের ধরে মুন্নি খাতুন (৩৫) নামের এক গৃহবধু গলাই দঁড়ি দিয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে।
মুন্নি খাতুন গাংনী উপজেলার চাঁদপুর গ্রামের রাশিদুল ইসলামের স্ত্রী।
শনিবার বিকালে পারিবরিক কলহের জের ধরে সে গলাই দড়ি দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক আবির হাসান তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনীতে বিএনপির প্রতিষ্ঠা

বার্ষিকীতে যাওয়ায় যুবদল নেতার উপর হামলা

বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীর মিছিলে আসায় সাজেদুল ইসলাম (৩৬) নামের ওয়ার্ড যুবদলের সাংগাঠনিক সম্পাদককে লাঠি দিয়ে পিটিয়ে আহত করেছে বলে অভিযোগ উঠেছে।
শনিবার (৩ সেপ্টেম্বর) দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের ঘাটপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।
আহত সাজেদুর রহমান বেতবাড়িয়া গ্রামের ঘাটপাড়া এলাকার আব্দুস সালামের ছেলে।
আহত সাজেদুরকে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন।
বেতবাড়িয়া গ্রামের স্থানীয় আওয়ামীলীগ কর্মী মিলন হোসেন ও কোবরুল ইসলাম তাকে মিরপিট করেছে বলে জানান তিনি।
সাজেদুর বলেন, ১ তারিখে বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশে বিপুল পরিমান কর্মী সমর্থক নিয়ে এসেছিলাম। তারপর থেকে আমাকে মারার ঘোষণা দেই তারা। শনিবার সন্ধ্যার পর বাজার থেকে বাড়িতে ফেরার সময় তার আমার উপর অতর্কিত হামলা চালায়। আমাকে স্থানীয়রা তার হাত থেকে রক্ষা করে হাসপাতালে পাঠান।
এঘটনায় মামলা দায়ের করার প্রস্ততি নিচ্ছেন বলে জানান আহত সাজেদুল।
তবে, অভিযুক্তদের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি।

মেহেরপুর জেলা বিএনপির সমাবেশ অনুষ্ঠিত

নারায়ণগঞ্জে হত্যাকান্ড পুলিশের গুলিতে নিহত শাওন হত্যা সহ সারাদেশে হামলা-মামলা নির্যাতনের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির সমাবেশ।

শনিবার বিকেলে মেহেরপুর জেলার বিএনপির প্রধান কার্যালয়ের সামনে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এবং পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীরের বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন

মেহেরপুর সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, জেলা যুবদলের জয়েন্ট সেক্রেটারি মেহেদী হাসান রোকন, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন, মেহেরপুর জেলা বিএনপির সহ সংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, মেহেরপুর জেলা বিএনপির মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক রায়হানুল কবির, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আনারুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন প্রমুখ বক্তব্য রাখছিলেন।

এ সময় জেলা উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতা কর্মী উপস্থিত।

ফিরে পেলেন ৯টি মোবাইল ফোন ও বিকাশের ৮২ হাজার টাকা

চুয়াডাঙ্গা সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল কর্তৃক হারানো মোবাইল ফোন ও খোয়া যাওয়া বিকাশের টাকা উদ্ধার করে প্রকৃত মালিকদের মাঝে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে।

শনিবার (৩ সেপ্টেম্বর) দুপুরের দিকে চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন তার কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে মোবাইল ফোনের মালিকদের হাতে উদ্ধারকৃত এসব মোবাইল ফোন তুলে দেন।

৯ জন মোবাইল ফোন মালিকের হাতে ৯ টি অ্যন্ড্রয়েড ফোন ও বিকাশ গ্রাহকদের হাতে উদ্ধারকৃত ৮২ হাজার টাকা তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখা ও সাইবার ইনভেস্টিগেশন সেল।

ফোন হাতে পেয়ে হারানো ফোনের মালিক জেলার দামুড়হুদা উপজেলার কোমরপুর গ্রামের রিপন আলী বলেন, মোবাইল ফোনটি পাওয়ার আশা

ছেড়েই দিয়েছিলাম। শখের মোবাইল ফোনটি পুলিশ সুপার ও সাইবার টিমের আন্তরিকতায় দ্রুত ফিরে পাবো ভাবতে পারছিনা। আমি অভিনন্দন ও ভালবাসা জানাচ্ছি পুলিশ সুপার ও সাইবার টিমকে।।

উল্লেখ্য, চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের দিক-নির্দেশনায় সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল জেলায় ধারাবাহিক সাফল্য ও উদ্ধার কার্যক্রম অব্যাহত রেখেছে। সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, বিকাশ, নগদ, রকেট প্রতারণা, মোবাইল উদ্ধার, অনলাইন প্রতারণাসহ সোশ্যাল মিডিয়ায় প্রতারণার শিকার ও ভুক্তভোগীদের বিভিন্ন আইনগত পরামর্শ ও নিরবিচ্ছিন্ন সেবাদান করে চলেছে।

বিভিন্ন স্কুল- কলেজের উঠতি বয়সী ছাত্র-ছাত্রীদের সামাজিক যোগাযোগ মাধ্যম ও চ্যাটিং অ্যাপসসমূহের সঠিক ব্যবহার, হয়রানির শিকার হলে দ্রুত সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের সাথ যোগাযোগ ও আইনী সেবা গ্রহণসহ অপরাধীর বিরুদ্ধে আইনগ ব্যবস্থা গ্রহণ সম্পর্কে আলোচনা করা হচ্ছে।

পরিবারের প্রতিটি সদস্যের মাঝে গড়ে তুলতে হবে সুনিবিড় বন্ধন

শুধু দেশের উন্নয়ন ও মানুষের কথা ভাবলে হবেনা। দেশের সাথে নিজের পরিবারের আপনজনদের কথাও ভাবতে হবে। সময় দিতে হবে পরিবারের প্রত্যেকটি সদস্যের সাথে। তাহলেই পরিবারের প্রতিটি সদস্যের মাঝে গড়ে উঠবে এক সুনিবিড় বন্ধন।
এই অ্যান্ড্রয়েডের যুগে পরিবারের সবাইকে নিয়ে ঘুরতে হবে। উপভোগ করতে হবে ভালবাসার অনাবিল সুখটাকে। স্বামী স্ত্রী ও পরিবারের অন্যান্য সদস্যদের সাথে গড়ে তুলতে হবে আস্থার বন্ধন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের আয়োজনে বার্ষিক বনভোজন অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

“এসো মিলি ইকো পার্কের শীতল ছায়ায়, শরৎ আকাশের সাদা মেঘের ভেলায়’ ম্লোগানে দিনভর আনন্দ আর হৈ হুল্লড়ে অনুষ্ঠিত হয়েছে গাংনী উপজেলা প্রেস ক্লাবের আয়োজনের এই বার্ষিক বনভোজনে।

গাংনীর ভাটপাডা ডিসি ইকোপার্কে আয়োজিত বার্ষিক বনভোজনে এবার সাংবাদিক এবং তাদের পরিবারের সকলেই দিনব্যাপি এ আনন্দ আয়োজনে অংশ নেন।

বার্ষিক বনভোজন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মেহেরপুরের বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, বিশিষ্ট সাংস্কৃতিক কর্মি ও সংগীত শিল্পী আজিজুল হক রানু, গাংনী উপজেলা ছাত্রলীগের সহসভাপতি আশিকুজ্জামান সবুজ প্রমুখ।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাধারণ সম্পাদক এম এন পাভেল, সহসভাপতি সাহাজুল ইসলাম সাজু, নির্বাহী সদস্য জুলফিকার আলী কানন, হারুন অর রশিদ রবি, আবুল কাশেম অনুরাগী, সাংগাঠনিক সম্পাদক লিটন মাহমুদসহ প্রেসক্লাবের সদস্যবৃন্দ।

বার্ষিক বনভোজনে বিভিন্ন খেলার ইভেন্টে অংশ নেন আমিরুল ইসলামের পত্নি মোমেনা খাতুন ময়না, জুলফিকার আলী কাননের পত্নি সুফিয়া কানন, আবুল কাশেম পত্নি উম্মে তানিয়া নীনা, হারুন অর রশিদ পত্নি ফারহানা ইয়াসমীন, বদরুজ্জামান পত্নি মিনারা খাতুন ও রাসেল পত্নি বিলকিস আরা।

বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন বনভোজনের প্রধান অতিথি এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম।